# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- টিসি/কলেজ/১মবর্ষ/২০১৬/০১ তারিখঃ ৩১/০৩/১৬

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী **০৩/০৪/২০১৬ হতে ১৩/০৪/২০১৬** তারিখ পর্যন্ত ২০১৫-১৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ছাড়পত্রের আবেদন গ্রহণ করা হবে। উল্লেখ্য বর্তমান কলেজের সাথে ভর্তিচ্ছু কলেজের শিক্ষার্থীর পঠিত বিষয়সমূহের মিল না থাকলে কোন অবস্থাতেই ছাড়পত্রের আবেদন করা যাবে না। ছাড়পত্রের আবেদন ফরম এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত রয়েছে।

চেয়ারম্যানের আদেশক্রমে

৩১/০৩/২০১৬

**ড. মোঃ আশফাকুস সালেহীন**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

## ছাড়পত্রের অনুমতির আবেদনপত্র

| TN | | | | |
|---|---|---|---|---|
| বোর্ড কর্তৃক পূরণীয় | | | | |

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয়ঃ ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর ছাড়পত্রের অনুমতির আবেদন।

মহোদয়,
সবিনয় নিবেদন, আমি বর্তমানে একাদশ শ্রেণির একজন নিয়মিত শিক্ষার্থী। বোর্ডের অনুমতিক্রমে ছাড়পত্র নিয়ে আমি ৫ নং ক্রমিকে বর্ণিত কলেজে পড়াশুনা করতে ইচ্ছুক। অনুগ্রহপূর্বক আমার আবেদন মঞ্জুর করে বাধিত করবেন।

আমার তথ্যসমূহ:

১। নিজ নাম (বাংলায়) :........................................................................................................

(ইংরেজীতে এসএসসি অনুযায়ী) :.......................................................................................

২। পিতার নাম :........................................................................ মোবাইল.................................

৩। মাতার নাম :........................................................................ মোবাইল.................................

৪। বর্তমান কলেজের নাম (ইংরেজী বড় অক্ষরে) :...................................................... EIIN..................

৫। ভর্তিচ্ছু কলেজের নাম (ইংরেজী বড় অক্ষরে) :...................................................... EIIN..................

৬। এসএসসি'র রোল নং: ................................. পাসের সাল : ............................ বোর্ড :..........................

রেজিস্ট্রেশন নং: ............................................................................ সেশন..................................

৭। শিক্ষার্থীর পাঠ্য বিষয়সমূহ : আবশ্যিক- (১) বাংলা (২) ইংরেজী (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

ঐচ্ছিক (বিষয় কোডসহ)- (১)............................................. (২).................................................

(৩)....................................................... (৪)..........................................................

৮। ছাড়পত্র গ্রহণের কারণ :.......................................................................................................

৯। শিক্ষার্থীর বর্তমান ঠিকানা :................................................................................................

১০। সোনালী সেবার রশিদ নং:.................................... শাখার নাম :.................................. তারিখ.............................

শিক্ষার্থীর পূর্ণ নাম ও স্বাক্ষর

**বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন**

আবেদনকারী অত্র কলেজের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির একজন নিয়মিত শিক্ষার্থী। ৭ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ এ বোর্ডে তার নাম রেজিস্টেশনের জন্য eSIF পূরণের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোপূর্বে এই কলেজ ব্যতীত অত্র বোর্ডের বা অন্য বোর্ডের আওতাধীন অন্য কোন কলেজ থেকে তার নাম রেজিস্ট্রেশন করা হয়নি। আবেদনকারী শিক্ষার্থীর পড়াশুনার উপর এ বোর্ডে বা অন্য কোন বোর্ডের কোনরূপ নিষেধাজ্ঞা নেই। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট বোর্ডে সংরক্ষিত আছে। প্রত্যয়িত বিষয়সমূহ সত্য ও সঠিক। বোর্ড অনুমতি প্রদান করলে ছাড়পত্র ইস্যু করা হবে।

অধ্যক্ষের মোবাইল নং :............................................ অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

**ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন**

অত্র কলেজে ...................................... বিভাগে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে বোর্ড কর্তৃক ..................... আসন বরাদ্দের বিপরীতে ................. জন অধ্যয়নরত আছে বিধায় ক্রমিক-১ এ বর্ণিত শিক্ষার্থীকে একাদশ শ্রেণিতে ....................... তম শিক্ষার্থী হিসেবে ছাড়পত্রের জন্য সুপারিশ করা হলো।

অধ্যক্ষের মোবাইল নং :............................................ অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

## ছাড়পত্র বিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনা

### ১। আবেদনের নিয়মাবলী ঃ-

ক. শিক্ষার্থীর মূল কলেজেই রেজিস্ট্রেশনের (eSIF পূরণ) কাজ সম্পন্ন করতে হবে। কোন ভাবেই ছাড়পত্রের মাধ্যমে নতুনভাবে ভর্তিকৃত কলেজ হতে এ কাজ সম্পন্ন করা যাবে না।

খ. অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হয় না।

গ. ছাড়পত্রের মাধ্যমে কোনভাবেই আসন সংখ্যার অতিরিক্ত ভর্তি করা যাবে না।

ঘ. প্রতিটি কলেজ কতজন শিক্ষার্থীকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করছে তার রেজিস্ট্রার তৈরী করবে এবং ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ তার প্রত্যয়নে রেজিস্ট্রারে শিক্ষার্থীর ক্রমিক উল্লেখ করবে।

ঙ. আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ **০৩/০৪/২০১৬ হতে ১৩/০৪/২০১৬** তারিখের মধ্যে বোর্ডের কলেজ পরিদর্শক এর দপ্তরে পৌছাতে হবে। আবেদনপত্র যথাযথ থাকলে ছাড়পত্রের অনুমতির আদেশ বোর্ডের ওয়েবসাইটে দেয়া হবে। উল্লেখ্য, উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশ প্রাপ্তির অনধিক ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে আবেদন পত্র বোর্ডে জমা দিতে হবে।

চ. বোর্ড কর্তৃক ছাড়পত্রের আদেশ জারির ০৫ (পাচঁ) দিনের মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ছ. অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র (একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রবেশপত্রের ফটোকপি) ও সোনালী ব্যাংকের ৬০০/- (ছয়শত) টাকার সোনালী সেবার রশিদসহ আবেদনটি কলেজ শাখার ৩০৯ নং কক্ষে জমা দিয়ে TN (Tracking Number) নিবে যা অবশ্যই সংরক্ষণ করতে হবে।

জ. সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিজীবী পিতা বা মাতার বদলি জনিত কারণে কোন শিক্ষার্থীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতির প্রয়োজন নেই। এরুপ ক্ষেত্রে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারী বদলির আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মসস্থলে উপুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করে নেয়া যাবে। এক্ষেত্রে, কলেজ কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

ঝ. শিক্ষার্থী তার ছাড়পত্রের অনুমতির আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে। এর জন্য তাকে ঢাকা বোর্ডের ওয়েবসাইট www.dhakaeducationboard.gov.bd এর College Order এবং তারপর Transfer Certificate এ ক্লিক করতে হবে। অতঃপর প্রদত্ত TN (Tracking Number) দেখে শিক্ষার্থী তার নিজের আদেশটি Print করে নিবে। এই আদেশের প্রেক্ষিতে ভর্তিকৃত কলেজ থেকে TC নিয়ে প্রার্থীত কলেজে ভর্তি হবে।

### ২। আবেদনের সাথে অবশ্যই জমা দিতে হবে ঃ-

ক. সচিব, বিআইএসই, ঢাকা -এর অনুকূলে সোনালী ব্যাংকের যেকোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকা সোনালী সেবার স্লিপ।

খ. এসএসসি/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং প্রবেশপত্রের ফটোকপি।

গ. বাসস্থান পরিবর্তনের সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র।

### ৩। আবেদনের সাথে অবশ্যই জমা দিতে হবে ( ভিন্ন বোর্ড থেকে আগত শিক্ষার্থীর ক্ষেত্রে ) ঃ-

ক. ভর্তির পূর্বেই ঢাকা শিক্ষা বোর্ড থেকে বিধি মোতাবেক ছাড়পত্রের আদেশ গ্রহন করতে হবে।

খ. সচিব, বি আই এস ই, ঢাকা এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ৩৪২/- (তিনশত বিয়াল্লিশ) টাকা সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।

গ. শিক্ষার্থীর তথ্য সম্বলিত SIF ।

ঘ. শিক্ষার্থীর ছবিযুক্ত সিডি ।

ঙ. শিক্ষার্থীর মূল রেজিস্ট্রেশন কার্ড।

৩১/০৩/২০১৬

**ড. মোঃ আশফাকুস সালেহীন**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন: ৯৬১৫২৩৬ (অফিস)